

# শাবিপ্রবির ২০ শিক্ষার্থীকে আজীবন, ১৭ জনকে বিভিন্ন মেয়াদে বহিকার



ফাইল ছবি

শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ২৬ সেপ্টেম্বর ২০২৫ | ২৩:৪২ | আপডেট: ২৬ সেপ্টেম্বর ২০২৫ | ২৩:৪৬

(-) (অ) (+)

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকারীদের ওপর হামলার ঘটনায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ২০ শিক্ষার্থীকে আজীবন এবং ১৭ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিকার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শুক্রবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রট্র অধ্যাপক মুখলেসুর রহমান সাংবাদিকদের এ তথ্য জানিয়েছেন।

প্রট্র জানান, আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ১২ জন শিক্ষার্থীকে আজীবন বহিকার করা হয়েছে এবং ৮ জন শিক্ষার্থীকে রুমে অন্ত্র রাখার ঘটনায় আজীবন বহিকার করা হয়েছে। এছাড়াও অপরাধে জড়িত ১৭ জন শিক্ষার্থীকে ২ থেকে ৪ সেমিস্টার মেয়াদে বহিকার করা হয়েছে।

তিনি আরও জানান, অভিযুক্ত ১৯ জন শিক্ষার্থীর নামে অভিযোগ প্রমাণিত না হওয়া তাদেরকে নিষ্পত্তি দেওয়া হয়েছে।

এদিকে বহিকারের বিষয় জানালেও প্রশাসনের পক্ষ থেকে এখনও কোনো তালিকা দেওয়া হয়নি। তবে বহিকার সবাই নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত বলে জানা গেছে।

অন্যদিকে গত ১২ জানুয়ারি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ওপরে হামলার ঘটনার শাবিপ্রবি শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ২৯ জন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিকার করেছিল প্রশাসন।

বিষয় :      শাবিপ্রবি      বহিকার